

উড়ে গেছে লিরিক্স:-

উড়ে গেছে চিন্তা ভাবনা ঘুম,  
মনে মনে একশ রং বেলুন।  
চুপি চুপি গল্প হবি আয়,  
তোকে খুব লেগেছে দারুন।  
এভাবে চলবে আর ক দিন?  
আমাকে বন্ধু করে নে,  
মনের অবস্থা খুব কঠিন,  
আমাকে একটু জায়গা দে।  
তুই বৃষ্টি হয়ে প্রেম নামিয়ে,  
ধরিয়ে দে আগুন। (২)

খেয়ালী এ হাওয়া  
তোকে কিছু বলছে না আর,  
নিজেরই মনে সে  
একা একা ভাঙছে পাহাড়।  
এভাবে চলবে আর ক দিন?  
আমাকে বন্ধু করে নে,  
মনের অবস্থা খুব কঠিন,  
আমাকে একটু জায়গা দে।  
তুই বৃষ্টি হয়ে প্রেম নামিয়ে,  
ধরিয়ে দে আগুন।

না যদি সে আসে,  
ভাসে কি না দু চোখের কোনা।  
সেই কথা সেই ব্যথা,  
ঘাসেদের কাছে গিয়ে শোন।  
এভাবে চলবে আর ক দিন?  
আমাকে বন্ধু করে নে,  
মনের অবস্থা খুব কঠিন,  
আমাকে একটু জায়গা দে।  
তুই বৃষ্টি হয়ে প্রেম নামিয়ে,  
ধরিয়ে দে আগুন।

উড়ে গেছে চিন্তা ভাবনা ঘুম,  
মনে মনে একশ রং বেলুন।  
চুপি চুপি গল্প হবি আয়,  
তোকে খুব লেগেছে দারুন।  
এভাবে চলবে আর ক দিন?  
আমাকে বন্ধু করে নে,  
মনের অবস্থা খুব কঠিন,  
আমাকে একটু জায়গা দে।  
তুই বৃষ্টি হয়ে প্রেম নামিয়ে,  
ধরিয়ে দে আগুন।